

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.৩৬০০.০৪২.১৪.১৩৮.২১.৮৮৯

তারিখ : ৩১ বৈশাখ ১৪৩৩
১৪ মে ২০২৬

বিষয় : হবিগঞ্জ জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব তহবিলের আওতায় ৭৪.০০ লক্ষ (চুয়াত্তর লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৪টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।


সূত্র : ১. স্মারক নং : ৪৬.৬০.৩৬০০.০০১.১৪.০৪৮.২৬-১০৭; তারিখ : ২৭/০৪/২০২৬ খ্রি।
২. স্মারক নং : ৪৬.০০.৩৬০০.০৪২.১৪.১৩৮.২১.৮৮৮; তারিখ : ১৪/০৫/২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব তহবিলের আওতায় ১৩৩.০০ লক্ষ (এক কোটি তেত্রিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৫টি প্রকল্প প্রস্তাব সূত্রোক্ত ১নং স্মারকে পাওয়া গিয়াছে। প্রাপ্ত ১৫টি প্রকল্প প্রস্তাব হতে সূত্রোক্ত ২নং স্মারক মূলে ১টি প্রকল্পের প্রাক্কলন যাচাই করে প্রেরণের জন্য প্রধান প্রকৌশলী, এলজিইডিকে ইতোমধ্যে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, উল্লিখিত ১টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (১৫-১)=১৪টি প্রকল্প (১৩৩-৫৯)=৭৪.০০ লক্ষ (চুয়াত্তর লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত শর্ত যথাযথ অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

শর্তাবলি :

- পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
- সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
- গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
- গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং
- প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

Email: lgzp@lgd.gov.bd

বিতরণ :


১. প্রশাসক, জেলা পরিষদ, হবিগঞ্জ;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।

স্মারক নম্বর : ৪৬.০০.৩৬০০.০৪২.১৪.১৩৮.২১.৮৮৯

তারিখ : ৩১ বৈশাখ ১৪৩৩
১৪ মে ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব